



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ২৮/০৯/২০২১

পাবিপ্রিবিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন পালন

(২৮.০৯.২০২১) : উৎসবমুখর পরিবেশে আজ মঙ্গলবার মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন পালন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। সকাল ১০.৩০ মিনিটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের স্মারক মুরাল 'জনক জ্যোতির্ময়' চতুরে উপাচার্য অধ্যাপক ড. এম রোক্তম আলী কেক কেটে শুভ জন্মদিনের উদ্বোধন করেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম শুভ জন্মদিন উপলক্ষে কেক কাটছেন উপাচার্য প্রফেসর ড. এম রোক্তম আলীসহ বিশ্ববিদ্যালয় পরিবার।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ড সদস্য অধ্যাপক ড. মো. মুশফিকুর রহমান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. খায়রুল আলম, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের ডিন ড. মোহাম্মদ নাজমুল ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রভোস্ট অধ্যাপক মো. সাইফুল ইসলাম, শেখ হাসিনা হল প্রভোস্ট লায়লা আরজুমান্দ বানু, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম, প্রষ্ঠের ড. মো. হাসিবুর রহমান, পরিবহন প্রশাসক অধ্যাপক ড. মো. কামরুজ্জামান, ছাত্র উপদেষ্টা ড. সমীরণ কুমার সাহা, অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. হারুনর রশিদ ডল, সাধারণ সম্পাদক মো. সোহাগ হোসেনসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং পাবিপ্রিবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম বাবুসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

কেক কাটা শেষে উপাচার্য অধ্যাপক ড. এম রোক্তম আলী সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে আজীবন সৎসাধনী, উন্নয়নের স্বপ্নদণ্ড, ইতিহাসকল্যা, বাঙালির আস্থা, অদম্য দেশপ্রেমে অনন্য মানুষ জননেত্রী শেখ হাসিনা।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম শুভ জন্মদিন উপলক্ষে বৃক্ষরোপন করেন উপাচার্য প্রফেসর ড. এম রোক্তম আলী মহোদয়।

সুখী-সম্মুখ অসাম্প্রদায়িক বাংলাদেশ অর্থনৈতিক সাফল্যের কারণে সারা বিশ্বে বাংলাদেশ এখন উচ্চ মর্যাদায় অধিষ্ঠিত। তিনি আরও বলেন খাদ্য, শিল্প, স্বাস্থ্য, কৃষি, ক্রীড়া, সামাজিকসহ সকল সূচকে বাংলাদেশ এখন বিশ্ববাসীর কাছে উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আলোকিত বাংলাদেশ, মানবিক বাংলাদেশ গড়ে তুলেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করার জন্য শিক্ষার্থীদের সুনাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। অনুষ্ঠান শেষে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের লেকের পাড়ে একটি আমগাছ রোপন করে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন। উপাচার্য শেখ হাসিনা হলেও বৃক্ষরোপন করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের অধ্যাপক ও বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. মো. হাবিবুল্লাহ। অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। এছাড়া বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।

বার্তা প্রেরক

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক

পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।